

Abhedananda Mahavidyalaya

Estd.-1965

Founder : Srimat Satyananda Dev.

Affiliated to B. U. in B. A. / B. Sc. / B. Com. Hons. & General Subjects
and B. B. A. (Hons.) Course.

SAINTHIA, BIRBHUM (W. B.)

Ref. No.

Date 10-06-19

অনলাইন কাউন্সেলিং এবং ভর্তি সংক্রান্ত নির্দেশাবলী:-

অভেদানন্দ মহাবিদ্যালয়ের ২০১৯-২০ শিক্ষাবর্ষে বি.এ./বি.এস.সি./বি.কম. শাখার বিভিন্ন সাম্মানিক বিষয়ে ভর্তির জন্য যে সকল ছাত্র-ছাত্রী আবেদন করেছে তাদের সুবিধার্থে অনলাইন কাউন্সেলিং এবং ভর্তি সংক্রান্ত এই নির্দেশাবলী প্রকাশ করা হলঃ

১. সমগ্র প্রক্রিয়াটি (আবেদন থেকে শুরু করে মেধা তালিকা প্রকাশ এবং উক্ত তালিকা থেকে ভর্তি) কলেজ ওয়েবসাইটের মাধ্যমে সম্পন্ন হবে।

২. মেরিট লিষ্টের প্রকাশ, ই-কাউন্সেলিং এবং এ্যাডমিশন সংক্রান্ত গুরুত্বপূর্ণ তারিখ গুলি পূর্বোক্ত বিজ্ঞপ্তিতে বিস্তারিতভাবে উল্লিখিত আছে।

৩. কলেজ ওয়েবসাইটের (<http://abhedanandamahavidyalaya.ac.in>) লিংকে এ ONLINE ADMISSION e-COUNCELLING List ইং ১৫/০৫/২০১৯ তারিখ প্রকাশিত প্রজ্ঞাপন সংখ্যা:- আর.সি/পার্ম/এডমি/১৮ বর্ধমান বিশ্ববিদ্যালয় দ্বারা মঞ্জুরীকৃত নির্দিষ্ট আসন সংখ্যা অনুসারে প্রথম মেধা তালিকা প্রকাশিত হবে।

৪. প্রথম মেধা তালিকায় নির্বাচিত ছাত্র-ছাত্রীদের অবশ্যই ইং ১২/০৬/১৯ থেকে ১৩/০৬/১৯ তারিখ এর মধ্যে অনলাইনে ভর্তি হতে হবে। এর জন্য কলেজ ওয়েবসাইটে গিয়ে নিজস্ব acknowledgement id এর সাহায্যে প্রবেশ করে অনলাইনেই e-Payment এর মাধ্যমে কলেজে ভর্তি বাবদ টাকা জমা করতে হবে (রাত ১১টা ৫৯ মিনিটের মধ্যে)। কলেজে ভর্তির টাকা শুধু মাত্র অনলাইনে গ্রহণ করা হবে। সুতরাং ছাত্র-ছাত্রীদের অনুরোধ করা হচ্ছে e-Payment প্রক্রিয়াটি সম্পন্ন হয়েছে কি না সে সম্বন্ধে নিশ্চিত হতে।

৫. প্রথম মেধা তালিকা অনুযায়ী ভর্তি শেষ হওয়ার পর যদি দেখা যায় বিশ্ববিদ্যালয় দ্বারা মঞ্জুরীকৃত আসন তখনো ফাঁকা রয়ে গেছে তখন দ্বিতীয় মেধা তালিকা ইং ১৪/০৬/১৯ তারিখ প্রকাশ করা হবে এবং তাদের ভর্তির জন্য দুটি দিন দেওয়া হবে, যথাক্রমে ইং ১৪/০৬/১৯ ও ১৫/০৬/১৯ তারিখ।

৬. দ্বিতীয় মেধা তালিকা থেকেও উপরোক্ত ৪-নং নির্দেশ অনুযায়ী ভর্তি সম্পন্ন হবে।

৭. দ্বিতীয় মেধা তালিকা অনুযায়ী ভর্তি প্রক্রিয়া শেষ হওয়ার পরেও যদি দেখা যায় বিশ্ববিদ্যালয় দ্বারা মঞ্জুরীকৃত আসন তখনো ফাঁকা রয়ে গেছে তখন তৃতীয় মেধা তালিকা ইং ১৬/০৬/১৯ তারিখ প্রকাশ করা হবে এবং তাদের ভর্তির জন্য দুটি দিন দেওয়া হবে, যথাক্রমে ইং ১৬/০৬/১৯ ও ১৭/০৬/১৯ তারিখ।

৮. তৃতীয় মেধা তালিকা থেকেও উপরোক্ত ৪-নং নির্দেশ অনুযায়ী ভর্তি সম্পন্ন হবে।

৯. একই ভাবে সমস্ত মঞ্জুরীকৃত আসন পূরণ না হওয়া অবধি একটি নির্দিষ্ট দিন পর্যন্ত প্রক্রিয়াটি চলবে।

১০. ভর্তি সংক্রান্ত যাবতীয় গুরুত্বপূর্ণ তথ্য (যেমন মাধ্যমিকের এ্যাডমিট কার্ড, মাধ্যমিকের মার্কশিট, উচ্চ-মাধ্যমিকের মার্কশিট, কাষ্ট সার্টিফিকেট, প্রতিবন্ধী সার্টিফিকেট) অতি অবশ্যই পরিচ্ছন্নভাবে আপলোড করতে হবে। প্রথম সেমেস্টারের ক্লাস শুরু হবার দিন ভেরিফিকেশনের সময় উপরোক্ত নথিগুলির কোনটিতে অসঙ্গতি দেখা গেলে, তার ভর্তি বাতিল হয়ে যাবে।



Shibanku Sarker
10/06/19
Teacher-in-Charge
Abhedananda Mahavidyalaya
SAINTHIA, BIRBHUM